

**সমৃদ্ধির জন্য বই**  
**আজ ঢাকা বই**  
**মেলা উদ্বোধন**

**যুগান্তর রিপোর্ট**

'সমৃদ্ধির জন্য বই' এই স্লোগান নিয়ে আজ থেকে শুরু হতে যাচ্ছে জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত পঞ্চকালব্যাপী নবম ঢাকা বই মেলা। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সঙ্গে বিকেল ৩টা শেবেবাংলা নগরে জাতীয় প্যারেড গ্রাউন্ড স্কোয়ার মাঠে আনুষ্ঠানিকভাবে এ মেলা উদ্বোধন করবেন। এ উপলক্ষে সংস্কৃতি মন্ত্রণালয় ও জাতীয় গ্রন্থকেন্দ্র ব্যাপক প্রস্তুতি ইতিমধ্যেই সম্পন্ন করেছে।

গত ১ জানুয়ারি অষ্টম ঢাকা বই মেলা উদ্বোধনকালে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ২০০২ সালকে জাতীয় গ্রন্থবর্ষ হিসেবে ঘোষণা করেছিলেন। তারই ধারাবাহিকতায় গ্রন্থ রচনা, প্রকাশনা ও বিপণনের ক্ষেত্রে যথেষ্ট সাফল্য এসেছে। নবম ঢাকা বই মেলাতেও সর্বাঙ্গিক গ্রন্থমনস্ত করার এই ধারাবাহিক প্রক্রিয়া ও কর্মসূচি অব্যাহত থাকবে বলে সংস্কৃতি মন্ত্রণালয় এবং গ্রন্থকেন্দ্র থেকে জানানো হয়।